# এইচএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## অর্থনীতি দ্বিতীয় পত্র

বিষয় কোড: ১ ১ ০

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

**১.** ▶ বুদ্রদের কলেজে বিজয় দিবস আলোচনা অনুষ্ঠানে বক্তৃতা দিতে গিয়ে তার শিক্ষক বললেন, ব্রিটিশদের কাছ থেকে স্বাধীনতা লাভের পর আমরা পশ্চিম পাকিস্তানিদের কাছে নির্যাতিত হয়েছি। আমরা শুধু বঞ্চিত হয়েছি, তাদের সাথে আমাদের বৈষম্য ছিল জাতীয় আয়ে, মাথাপিছু আয়ে, বৈদেশিক বাণিজ্যে, রাষ্ট্রীয় ব্যয়ে আমদানিতে, রপ্তানিতে ও চাকরিতে। এ সকল বৈষম্য আর নিষ্পেষণ আমাদের স্বাধীনতার পটভূমি তৈরি করে।

ক. বাংলাদেশ কোন অক্ষাংশে অবস্থিত? ১

খ. প্রাচীন বাংলার কারুশিল্পের বর্ণনা দাও। ২

গ. বুদ্রের শিক্ষক কোন সময়কার অর্থনৈতিক বৈষম্যের কথা বলেছেন? মতামত দাও। ৩

ঘ. এ সকল বৈষম্য আর নিষ্পেষণ আমাদের স্বাধীনতার পটভূমি তৈরি করেছিল। উক্তিটির যথার্থতা প্রমাণ কর। ৪

**২.** ▶ শফিক টিভিতে কৃষিভিত্তিক একটি প্রামাণ্যচিত্র দেখছিল। যা নির্মিত হয়েছে 'ক' নামক একটি দেশের কৃষিকে কেন্দ্র করে। বর্তমানে উক্ত দেশের মোট শ্রমশক্তির প্রায় ৫১.৬০% কৃষিক্ষেত্রে নিয়োজিত এবং দেশের প্রায় ৭৫% জনসাধারণ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কৃষির ওপর নির্ভরশীল এবং সে দেশের কৃষিতে মাত্র চারটি উপখাত রয়েছে।

ক. বাংলাদেশ বিশ্বের কততম জনবহুল দেশ? ১

খ. ভূমিহীন কৃষকদের জন্য সরকারি উদ্যোগসমূহ ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে কোন ধরনের কৃষি কাঠামো পরিলক্ষিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে করো উক্ত দেশের কৃষি কাঠামোর সাথে তোমার মূল পাঠের সাদৃশ্য রয়েছে— মতামত দাও। ৪

**৩.** ▶ জনাব লোকমান মি. আশিশ ও মি. পিয়ার্সন তিন জনই এদেশের শিল্পোদ্যোগের সাথে জড়িত। তাদের শিল্পোদ্যোগের ধরন ভিন্ন। যেখানে জনাব লোকমান বাঁশ বেতের ঝুড়ি বানান— সেখানে মি. আশিশ গেঞ্জি ও মি. পিয়ার্সন তৈরি পোশাক উৎপাদনের সাথে জড়িত। তারা পরস্পরের সাথে আলাপ আলোচনা থেকে বুঝতে পারেন তাদের শিল্পোদ্যোগের সমস্যাগুলো যেমন ভিন্ন, তেমনি তার সমাধান পদ্ধতিও আলাদা।

ক. আদমজী পাটকল কত সালে প্রতিষ্ঠিত হয়? ১

খ. কুটির শিল্প ও ক্ষুদ্র শিল্পের পার্থক্য লিখ। ২

গ. মি. আশিশ যে আয়তনের শিল্পের সাথে জড়িত বাংলাদেশের শিল্পের সে সমস্যাগুলো ব্যাখ্যা কর। ৩

ঘ. মি. পিয়ার্সন যে ধরনের শিল্পের সাথে জড়িত বাংলাদেশের প্রেক্ষাপটে তা কতটুকু গুরুত্বপূর্ণ? মতামত দাও। ৪

http://teachingbd.com

৪.▶ প্রতি ২৫ বছর সময়কে একক ধরে বাংলাদেশের খাদ্য উৎপাদন ও জনসংখ্যা বৃদ্ধির মধ্যে নিম্নোক্ত সম্পর্ক দেখানো হলো:

| বছর | ০ | ২৫ | ৫০ | ৭৫ | ১০০ |
|---|---|---|---|---|---|
| জনসংখ্যা | ১ | ২ | ৪ | ৮ | ১৬ |
| খাদ্য উৎপাদন | ১ | ২ | ৩ | ৪ | ৫ |

ক. তথ্য সংগ্রহ পদ্ধতি কত প্রকার? ১

খ. তুমি কীভাবে স্থূল জন্মহার পরিমাপ করবে? ২

গ. জনসংখ্যা ও খাদ্য উৎপাদনের উপরিউক্ত সম্পর্কের সাথে কাম্য জনসংখ্যার ধারণাটি তুলনা কর। ৩

ঘ. সূচিতে উল্লিখিত সম্পর্কের যেসব সমস্যার উদ্ভব হয়, তা তুমি কীভাবে সমাধান করবে? ৪

৫.▶ আহাদ আলী গ্রামে বাস করে। তার ছেলে-মেয়ের সংখ্যাও অনেক। সে সবার জন্য ঠিকমত খাবার যোগাড় করতে পারে না। তাছাড়া খাদ্যশস্য যা পাওয়া যায় তার দামও বেশি। ফলে তাকে অনেক কষ্টে দিন যাপন করতে হয়। সব মিলিয়ে আহাদ আলী খাদ্য সংকটের মধ্যে রয়েছে। সরকার যদি উৎপাদন বৃদ্ধিসহ সাধারণ মানুষের কাছে খাদ্য সহজলভ্য করার ব্যবস্থা নেয় তাহলে আহাদ আলীসহ অনেকেরই খাদ্য সংকট লাঘব হবে।

ক. খাদ্য নিরাপত্তার দিক কয়টি? ১

খ. খাদ্য প্রাপ্যতাই কি খাদ্য নিরাপত্তার জন্য যথেষ্ট? ২

গ. আহাদ আলী কী কারণে খাদ্য নিরাপত্তায় ভুগতেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. খাদ্য নিরাপত্তাহীনতা দূরীকরণে সরকারের ভূমিকা কতটুকু বলে তুমি মনে করো— উদ্দীপকের আলোকে মতামত দাও। ৪

৬.▶ মাহমুদ একজন ব্যবসায়ী। তার একটি ছোটখাট মুদি দোকান আছে। সেই সাথে শেয়ার বাজারে সেকেন্ডারি মার্কেটে শেয়ার কেনা-বেচার কাজও করেন। শেয়ারের দাম যখন কম থাকে তখন সে শেয়ার ক্রয় করে, আবার যখন শেয়ারের দাম বৃদ্ধি পায় তখন বিক্রি করে লাভবান হয়। তবে শেয়ারের দাম হঠাৎ কমে গেলে শেয়ার ব্যবসায়ীরা ক্ষতিগ্রস্ত হয়। এক্ষেত্রে ক্ষুদ্র বিনিয়োগকারীরা বেশি ক্ষতিগ্রস্ত হয়। পুঁজিবাজারের স্থিতিশীলতার স্বার্থে শেয়ারের দামের অস্বাভাবিক ওঠা-নামা বন্ধ করার জন্য সরকারের প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া উচিত।

ক. প্রধানত অর্থায়নের উৎস কয়টি? ১

খ. শেয়ার বলতে কী বোঝায়? ২

গ. মাহমুদ একজন নিয়মিত ব্যবসায়ী হয়েও শেয়ারবাজারে অংশ নেয় কেন? মতামত দাও। ৩

http://teachingbd.com

ঘ. শেয়ারবাজারে অস্বাভাবিক ওঠানামা রোধে তুমি কী ধরনের ব্যবস্থা গ্রহণের সুপারিশ করবে? ৪

৭.▶ জনাব তারিক জারদারী একজন প্রবাসী বাংলাদেশি দীর্ঘদিন থেকে তিনি দেশের বাইরে বসবাস করছেন। সম্প্রতি তিনি কিছুদিনের জন্য দেশে এসে দেখেন বিগত ১০ বছরে দেশের অনেক পরিবর্তন হয়েছে। দেশে এসে কেনাকাটা করতে গিয়ে তিনি খুব অবাক হলেন। ২০০৫ সালের দামগুলোর সাথে ২০১৫ সালের দামগুলোর আকাশ-পাতাল পার্থক্য। তিনি জানতেন যে সবকিছুর মূল্যই বৃদ্ধি পেয়েছে, কিন্তু মূল্য বৃদ্ধির ব্যয় যে এত বেশি তা তিনি কল্পনাও করতে পারেননি।

ক. মুদ্রাস্ফীতি পরিমাপের পদ্ধতি কয়টি? ১

খ. দমিত মুদ্রাস্ফীতি বলতে কী বোঝায়? ২

গ. জনাব তারিক জারদারীর দেখা বাংলাদেশে দ্রব্যমূল্য বৃদ্ধির কারণগুলো কী হতে পারে? ব্যাখ্যা কর। ৩

ঘ. এটি নিয়ন্ত্রণের উপায় কী হতে পারে। তা ব্যাখ্যা কর। ৪

৮.▶ মি. মিজান সাভারের জে কে গার্মেন্টসের মালিক। তার গার্মেন্টসের তৈরি পোশাক পৃথিবীর বিভিন্ন দেশে রপ্তানি হচ্ছে। এভাবে দেশের আরো অনেকেই গার্মেন্টসের পোশাকসহ চা, পাট, পাটজাত দ্রব্য, মাছ প্রভৃতি দ্রব্য বিদেশে রপ্তানি করে বৈদেশিক মুদ্রা অর্জন করছে। অন্যদিকে আমজাদ সাহেব গার্মেন্টসের কাঁচামাল, যন্ত্রপাতি বিদেশ থেকে আমদানি করছেন। এছাড়াও আরও অন্যান্য জিনিসও তিনি আমদানি করছেন।

ক. আন্তর্জাতিক বাণিজ্য কী? ১

খ. আন্তর্জাতিক বাণিজ্যের উদ্বৃত্ত বলতে কী বোঝ? ২

গ. মি. মিজান ও আমজাদ সাহেবের পণ্যের পার্থক্য দেখাও। ৩

ঘ. মিজান সাহেবের পণ্যের বাণিজ্যের সম্প্রসারণের উপায় বিশ্লেষণ কর। ৪

৯.▶ মি. জাবেদ একটি গবেষণাধর্মী প্রতিষ্ঠানে চাকরি করেন, তিনি একটি গবেষণায় লক্ষ করলেন যে, বাংলাদেশের আয়ের তুলনায় ব্যয়ের খাত বেশি। দ্রুত জনসংখ্যা বৃদ্ধি বাংলাদেশের ব্যয়ের খাতকে আরও বাড়িয়ে তুলছে। তাই সরকারি আয়ের উৎস আরও বৃদ্ধি করা দরকার।

ক. সরকারি ব্যয় কী? ১

খ. সরকারি আয় বলতে কী বোঝায়? ২

গ. মি. জাবেদের মতে বাংলাদেশ কোন কোন খাত হতে আয় করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সরকারি ব্যয়ের খাতসমূহের মধ্যে কোনটির ওপর বেশি গুরুত্ব দেওয়া দরকার? ব্যাখ্যা কর। ৪

http://teachingbd.com

# অর্থনীতি দ্বিতীয় পত্র: বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট    পূর্ণমান — ৪০    বিষয় কোড: ১ ১ ০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. বাংলাদেশের ওপর দিয়ে কোন ভৌগোলিক রেখা অতিক্রম করেছে?
ক কর্কট ক্রান্তি রেখা   খ মকর ক্রান্তি রেখা
গ বিষুব রেখা   ঘ মূল মধ্যরেখা

২. পাকিস্তানের দুই অংশের মধ্যে অর্থনৈতিক বৈষম্য ক্রমাগত বৃদ্ধি পাওয়ার কারণ ছিল—
i. রাজনৈতিক নিষ্পীড়ন
ii. অর্থনৈতিক অবিচার
iii. ধর্মীয় বিদ্বেষ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii   খ i ও iii
গ ii ও iii   ঘ i, ii ও iii

৩. বর্তমানে বাংলাদেশের শতকরা কত অংশ শ্রমশক্তি সরাসরি কৃষিতে নিয়োজিত?
ক ৩৩.৭০%   খ ৪১.২০%
গ ৪৭.৫০%   ঘ ৭.৫০%

৪. ২০১১ সালের আদমশুমারী অনুযায়ী বাংলাদেশের জনসংখ্যা বৃদ্ধির হার কত?
ক ২.১৭%   খ ১.৩৭%
গ ১.৩৫%   ঘ ১.২১%

৫. গ্লুকোজ উৎপাদনে কোন খাদ্যশস্যটি ব্যবহৃত হয়?
ক ধান   খ গম
গ যব   ঘ ভুট্টা

৬. বর্তমান যুগে কৃষিতে ICT ব্যবহার হচ্ছে—
i. পণ্য বাজারজাত করণে
ii. কৃষিবিষয়ক সমস্যা সমাধানে
iii. কৃষি জোট গঠনে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii   খ i ও iii
গ ii ও iii   ঘ i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও:
যুব উন্নয়নে প্রশিক্ষনণ নিয়ে হেলাল তার পরিত্যক্ত ২ বিঘা জমিতে ঋতু ভেদে বিভিন্ন প্রকার সবজি, ডাল, মশলা ও ধানের চাষ করে থাকে। এ ব্যাপারে তাকে প্রয়োজনীয় সাহায্য-সহযোগিতা করে থাকে স্থানীয় কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তা।

৭. হেলাল তার জমিতে যে ধরনের চাষাবাদ করে থাকে তাকে কি বলে?
ক ফসলের চাষ   খ শস্যবহুমুখীকরণ
গ উফসী চাষ   ঘ কৃষিকাজ

৮. এই পদ্ধতিতে চাষের উদ্দেশ্য—
i. আয় বাড়ানো   ii. উৎপাদন বাড়ানো
iii. একই জমিতে একাধিক ফসল ফলানো
নিচের কোনটি সঠিক?
ক i ও ii   খ i ও iii
গ ii ও iii   ঘ i, ii ও iii

৯. একটি পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে কি বলে?
ক ফার্ম   খ শিল্প
গ ইউনিট   ঘ ব্যবসা

১০. সর্বশেষ জাতীয় শিল্পনীতি ঘোষিত হয় কত সালে?
ক ২০০৯   খ ২০১০
গ ২০১১   ঘ ২০১২

১১. চা উৎপাদনের উপর্যক্ত জায়গা হলো—
i. বন্যা মুক্ত এলাকা   ii. টিলা ভূমি
iii. উঁচু পাহাড়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii   খ i ও iii
গ ii ও iii   ঘ i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ো এবং ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও:
মিসেস তাহমিনার ৫টি গার্মেন্টস কারখানা রয়েছে। তিনি তার কারখানায় প্রায় ৮০% মহিলা কর্মী নিয়োগ দিয়েছেন। তিনি মনে করেন, এতে করে উৎপাদনের পরিমাণ বাড়বে ও মেয়েরা স্বালম্বী হয়ে উঠবে। তিনি তার উৎপাদিত কাপড় বিদেশে রপ্তানি করে থাকেন, তবে তার গার্মেন্টেসের বেশির ভাগ কাপড় বিদেশ থেকে আমদানি করে উৎপাদন কাজ পরিচালনা করে থাকেন।

১২. মিসেস তাহমিনার কাপড়ের বৃহৎ ক্রেতা সাধারণত কোন দেশ?
ক ভারত ও পাকিস্তান   খ আরবীয় দেশসমূহ
গ যুক্তরাষ্ট্র ও ইউরোপীয় দেশসমূহ
ঘ নিকটবর্তী দেশসমূহ

১৩. মিসেস তাহমিনা মনে করেন গার্মেন্টিস শিল্পের উন্নয়নে প্রয়োজন—
i. শ্রমিকের নিরাপত্তা
ii. প্রয়োজনীয় দেশীয় কাঁচামাল
iii. রপ্তানি বাজার সম্প্রসারণ করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii   খ ii ও iii
গ i ও iii   ঘ i, ii ও iii

১৪. কোনটি স্থূল জন্মহার নির্ণয়ের সূত্র?
ক $CBR = \frac{B}{P} \times 100$   খ $CBR = \frac{P}{B} \times 100$
গ $CBR = \frac{B}{P} \times 1000$   ঘ $CBR = \frac{P}{B} \times 1000$

নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও:
দুলাল ঢাকা থেকে বান্দরবান বেড়াতে গেল। সেখানে যেয়ে দেখলো বান্দর বনে ঢাকার চেয়ে জনসংখ্যা অনেক কম।

১৫. বাংলাদেশের কোন জেলায় সবচেয়ে বেশি লোক বাস করে?
ক রাজশাহী   খ ঢাকা
গ বান্দরবান   ঘ খুলনা

১৬. দুলাল ঢাকা থেকে বান্দরবন বেড়াতে গেল, এর ফলে কোন ধরনের অভিগমন ঘটল?
ক আন্তর্জাতিক   খ অভ্যন্তরীণ
গ জেলা   ঘ শহর

১৭. দ্রুত জনসংখ্যা বৃদ্ধির কারণ—
i. উচ্চ জন্মহার   ii. নিম্ন মৃত্যুহার
iii. জন্মহার ও মৃত্যুহার সমান
নিচের কোনটি সঠিক?
ক i ও ii   খ i ও iii
গ ii ও iii   ঘ i, ii ও iii

১৮. ম্যালথাস তার জনসংখ্যা তত্ত্বটি কত শতাব্দীতে প্রকাশ করেন?
ক সপ্তদশ   খ অষ্টাদশ
গ উনবিংশ   ঘ বিংশ

১৯. কোনটি কাম্য জনসংখ্যা তত্ত্ব সূত্র?
ক $M = \frac{A-O}{O}$   খ $M = \frac{A-P}{Q}$
গ $M = \frac{O-A}{O}$   ঘ $M = \frac{A-P}{R}$

http://teachingbd.com

২০. পুষ্টি বলতে কী বোঝায়?
ক) উচ্চ ক্যালরি সম্পন্ন খাবার
খ) যে খাবারে শক্তি হয়
গ) প্রয়োজনীয় ভিটামিন সমৃদ্ধ পরিমিত খাবার
ঘ) ভিটামিন

২১. একটি দেশে নিরাপদ খাদ্যের নিশ্চয়তা থাকলে—
i. জীবনযাত্রার মান বাড়ে
ii. পুষ্টি ঘাটতি থাকে
iii. উৎপাদন বাড়ে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii

২২. অর্থনীতিতে অর্থায়ন বলতে বোঝায়—
i. অর্থের ব্যবহার
ii. অর্থ সংগ্রহ
iii. অর্থ নিয়ন্ত্রণের কৌশল
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii

২৩. দীর্ঘমেয়াদী অর্থায়নের উৎস হলো—
i. ঋণ
ii. মজুদ মাল
iii. লিজিং
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii

২৪. যেখানে শেয়ার বেচাকেনা হয় তার নাম কি?
ক) স্টক এক্সচেঞ্জ
খ) টাকা বাজার
গ) শেয়ার বাজার
ঘ) বন্ড বাজার

২৫. মুদ্রাস্ফীতি এমন একটি অবস্থান যখন অর্থের মূল্য ক্রমাগত হ্রাস পায়— উক্তিটি কার?
ক) ক্রাউথার
খ) কুলবর্ণ
গ) পিগু
ঘ) লর্ডকিনস

২৬. মুদ্রাস্ফীতির ফলে লাভবান হয়—
i. ঋণদাতা
ii. ঋণগ্রহীতা
iii. সরকার
নিচের কোনটি সঠিক?
ক) i
খ) ii
গ) iii
ঘ) i ও iii

২৭. মুদ্রাস্ফীতি চরম আকার ধারণ করলে সরকার অনেক সময়—
i. পুরাতন মুদ্রা বাতিল করে
ii. নতুন মুদ্রা চালু করে
iii. অনেক বেশি মূল্যের নোট চালু করে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii

২৮. মুদ্রাস্ফীতিতে ভোক্তার—
i. ক্রয় ক্ষমতা বৃদ্ধি পায়
ii. জীবনযাত্রার মান কমে
iii. ভোগের পরিমাণ কমে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii

২৯. বাংলাদেশের প্রধান প্রধান আমদানিকৃত প্রাথমিক পণ্য কোনটি?
ক) চাল, গম, সার
খ) তৈলবীজ, আলুবীজ, চাল
গ) গম, তৈলবীজ, কাঁচাতুলা
ঘ) চাল, গম, ভোজ্য তেল

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩০ ও ৩১ নং প্রশ্নের উত্তর দাও:
বাংলাদেশ ২০১১-১২ অর্থবছরে রপ্তানিকৃত পণ্যের একটি আইটেম রপ্তানি করে রপ্তানি আয়ের ৭৮.৫০% আয় করে।

৩০. রপ্তানিকৃত আইটেম কোনটি?
ক) তৈরি পোশাক
খ) পাট
গ) চা
ঘ) চামড়া

৩১. একটি দেশের রপ্তানির পরিমাণ বাড়লে—
i. বাজার সম্প্রসারণ হয়
ii. জীবনযাত্রার মান বাড়ে
iii. উৎপাদন বৃদ্ধি পায়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii

৩২. বিশ্বায়নের ফলে সুযোগ সৃষ্টি হয়েছে—
i. জনশক্তি রপ্তানিতে
ii. বিনিয়োগ বৃদ্ধিতে
iii. জীবনযাত্রার মানোন্নয়নে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii

৩৩. সরকারি ব্যয়ের মূল্য উদ্দেশ্য কী
ক) রাষ্ট্রীয় দায়িত্ব
খ) জনকল্যাণ সাধন
গ) নির্বাচনি অঙ্গীকার
ঘ) দারিদ্র্য বিমোচন

৩৪. সরকারি ব্যয়ের অভ্যন্তরীণ উৎস—
i. কর, রাজস্ব
ii. বৈদেশিক অনুদান
iii. কর বহির্ভূত উৎস
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii

৩৫. প্রত্যক্ষ করের সবচেয়ে বড় উৎস কোনটি?
ক) আয়কর
খ) সম্পদ কর
গ) ভূমিকর
ঘ) ভ্যাট

৩৬. দিয়াশলাই ও তামাক উৎপাদনের উপর যে কর ধার্য করা হয়, তাকে কি বলে?
ক) মাদক শুল্ক
খ) ভ্যাট
গ) বাণিজ্য শুল্ক
ঘ) আবগারি শুল্ক

৩৭. বাংলাদেশ সরকার সবচেয়ে বেশি আয় করে কোন উৎস থেকে?
ক) আয়কর
খ) আমদানি শুল্ক
গ) ভ্যাট
ঘ) আবগারি শুল্ক

৩৮. বাংলাদেশে মোট কতটি পঞ্চবার্ষিকী পরিকল্পনা করা হয়েছে?
ক) ৪টি
খ) ৫টি
গ) ৬টি
ঘ) ৭টি

৩৯. স্বল্পমেয়াদি পরিকল্পনার সুবিধা হলো—
i. মূলধন কম লাগে
ii. দ্রুত লক্ষ্যমাত্রা অর্জন
iii. ব্যপ্তিকাল কম তাই পরিকল্পনা নির্ভুল
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii

৪০. মধ্যমেয়াদি পরিকল্পনার মাধ্যমে দূর করা যায়—
i. স্বল্পমেয়াদি পরিকল্পনার ত্রুটি
ii. দীর্ঘ মেয়াদি পরিকল্পনার ত্রুটি
iii. পূর্বে পরিকল্পনায় বাদ পড়া সমস্যা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ক | ২ | ক | ৩ | গ | ৪ | খ | ৫ | ঘ | ৬ | ক | ৭ | খ | ৮ | ঘ | ৯ | ক | ১০ | খ | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | গ | ১৫ | খ | ১৬ | খ | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | ক | ২০ | গ |
| | ২১ | খ | ২২ | ঘ | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | গ | ৩০ | ক | ৩১ | ঘ | ৩২ | ঘ | ৩৩ | খ | ৩৪ | খ | ৩৫ | ক | ৩৬ | ঘ | ৩৭ | গ | ৩৮ | গ | ৩৯ | ঘ | ৪০ | খ |

Teachingbd.com

http://teachingbd.com